

# যুগান্তর

## সরকারি প্রাথমিক বিদ্যালয় হাজিরা মেশিন কেনায় দুর্নীতি

প্রকাশ : ২৪ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

যুগান্তর রিপোর্ট



সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বায়োমেট্রিক (ডিজিটাল) হাজিরা মেশিন অতিরিক্ত দামে কেনার অভিযোগ তদন্তে এক সদস্যের কমিটি গঠন করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। কমিটিকে আগামী ৭ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। পাশাপাশি এ মেশিন কেনাকাটায় দুর্নীতি রোধে বুধবার সংশ্লিষ্টদের সতর্ক করে অফিস আদেশ জারি করেছে মন্ত্রণালয়।

মন্ত্রণালয়ের যুগান্তরে 'বায়োমেট্রিক হাজিরা মেশিন ক্রয়' : লুটপাটের আয়োজন শতকোটি টাকার' শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। বুধবার একই বিষয়ে 'মেশিন ক্রয়ে লুটপাটের আয়োজন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ব্যবস্থা নিতে হবে' শিরোনামে সম্পাদকীয় প্রকাশ করে যুগান্তর। এরই পরিপ্রেক্ষিতে উল্লিখিত ব্যবস্থা নিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

জানতে চাইলে প্রাথমিক ও গণশিক্ষা সচিব আকরাম আল হোসেন বুধবার যুগান্তরকে বলেন, 'সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ডিজিটাল হাজিরা মেশিন কেনাসংক্রান্ত যুগান্তরে প্রকাশিত সংবাদ ও সম্পাদকীয় অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করছি। বিষয়টি খতিয়ে দেখতে মন্ত্রণালয়ের একজন যুগ্ম সচিবকে দায়িত্ব দেয়া হয়েছে। আগামী ৭ কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

পাশাপাশি ডিজিটাল হাজিরা মেশিন কেনার বিষয়টি আরও খোলাসা করে অফিস আদেশ জারি করা হয়েছে। যা এরই মধ্যে সব বিভাগীয় উপ-পরিচালক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারদের কাছে পাঠানো হয়েছে। আমরা আশা করছি এ বিষয়ে আর কেউ অনিয়ম বা দুর্নীতি করার সহস্র পাবে না।'

বুধবার জারি করা মন্ত্রণালয়ের আদেশে ডিজিটাল হাজিরা মেশিন কেনার স্পেসিফিকেশন উল্লেখ করে বলা হয়- 'স্পেসিফিকেশন অনুযায়ী বিদ্যালয় কর্তৃপক্ষ বাজার থেকে যাচাই করে সাশ্রয়ী মূল্যে নিজেদের পছন্দমতো ডিজিটাল হাজিরা মেশিন ক্রয় করে স্কুলে স্থাপন করবে।

এক্ষেত্রে কোনো নির্দিষ্ট প্রতিষ্ঠান হতে কেনার বাধ্যবাধকতা নেই। দৈনিক পত্রিকা ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশিত খবর থেকে জানা যায় যে, বিভিন্ন বিভাগ/জেলা/উপজেলায় বিভাগীয় উপ-পরিচালক/জেলা/উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসাররা একটি নির্দিষ্ট কোম্পানি হতে বায়োমেট্রিক হাজিরা মেশিন কিনতে বাধ্য করছেন। এ বিষয়ে স্পষ্টভাবে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বা প্রাথমিক শিক্ষা অধিদফতর থেকে এরপ কোনো নির্দেশনা প্রদান করা হয়নি।

নিজ নিজ বিদ্যালয় অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী সাশ্রয়ীমূল্যে সম্পূর্ণ স্বাধীনভাবে ডিজিটাল হাজিরা মেশিন ক্রয় করে বিদ্যালয়ে স্থাপন করবে। এ ব্যাপারে কোনো ব্যত্যয় হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবহা নেয়া হবে।'

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।